

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা।  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.২০০.২৫.০২৪.২০১৫-১৫

তারিখঃ ১১ মার্চ, ১৪২২ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ৭৫ তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাতার, ঢাকায় আগামী ০৭/০২/২০১৬ হতে ২২/০৩/২০১৬ পর্যন্ত ৪৫ (পঁয়তাল্লিশ) দিন মেয়াদে অনুষ্ঠেয় ৭৫ তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ অংশগ্রহণের জন্য সরকার নিম্নোক্ত কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করেছে :

নম্বর	নাম	পদবী ও কর্মস্থল
১.	জনাব খুরশিদ আলম (৫৩৩০)	পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২.	জনাব মোঃ শাহ আলম (৭৫০২)	বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩.	জনাব উত্তম কুমার কর্মকার (৭৫০৬)	উপ প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেল্থ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, স্থানীয় সরকার বিভাগ, নগর ভবন, ঢাকা।
৪.	দেওয়ান সাইদুল হাসান (৭৫০৮)	যুগ্মসচিব ও অতিরিক্ত পরিচালক (অর্থ বিভাগ), পদ্মা বহুমুখী সেতু প্রকল্প, বাংলাদেশসেতু কর্তৃপক্ষ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৫.	জনাব মোঃ তৌহিদুল ইসলাম, বিপিপি, পিএসসি (বিডি/৮৩৯৭), ইঞ্জিনিয়ারিং	গ্রুপ ক্যাপ্টেন, পরিচালন শাখা, বিমান বাহিনী ঘাঁটি কক্সবাজার।

০২। মনোনীত কর্মকর্তাগণ উল্লিখিত প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।

০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থীগণকে আবশ্যিকভাবে বিপিএটিসির ডরমিটরিতে অবস্থান করতে হবে।


০৪। কোর্সের কোর্স ফি জনপ্রতি ৮,৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে স্ব-স্ব দপ্তর হতে ক্রেসড চেক/পে-অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রেস্তুর, বিপিএটিসি বরাবর জমা দিতে হবে।

০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ এই কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন, কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৬। প্রশিক্ষণার্থীগণকে আগামী ০৬/০২/২০১৬ তারিখে কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে আবশ্যিকভাবে যোগদান করতে হবে। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রশিক্ষণ সময়ের জন্য নিজ কর্মস্থল হতে ০৭/০২/২০১৬ তারিখ পূর্বাফে তাৎক্ষণিকভাবে অবমুক্ত বলে গণ্য হবেন।

০৭। কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপন করা হবে।

০৮। মনোনীত প্রত্যেক কর্মকর্তাকে আগামী ২৭/০১/২০১৬ তারিখের মধ্যে বিপিএটিসি'র ([www.bpatc.org.bd](http://www.bpatc.org.bd)) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে ([elearning.bpatc.org.bd](http://elearning.bpatc.org.bd)) রেজিস্ট্রেশন করতে হবে।

  
(সৈয়দা মাহুমা খানম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৫৫২৫।

রেস্তুর  
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
সাতার, ঢাকা।


২য় পাতায়

নং-০৫.০০.০০০০.২০০.২৫.০২৪.২০১৫-১৫/১(৫০)

তারিখঃ ১১ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

- ০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব .....
- ০২। বিভাগীয়কমিশনার/চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক.....
- ০৩। জনাব/বেগম .....
- ০৪। ক্যাপাসিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, এটুআই গ্রোছাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৯। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি/শৃঙ্খলা), যুগ্মসচিব (প্রশিক্ষণ/পিএসিসি)-এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।

  
(সৈয়দা মাছুমা খানম)  
সিনিয়র সহকারী সচিব